গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৮৪

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৯ জুন ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১৬৩৬, তারিখ ১৮-০৫-২০২৬ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২৬.১৮২, তারিখ: ০৯-০৬-২০২৬ খ্রি.।
৩) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২৬.১৮৩, তারিখ: ০৯-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রণোদনা কর্মসূচির আওতায় এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ করার লক্ষ্যে অন্যান্য উপকরণ সহায়তা বাবদ **৪২১৫.০০** লক্ষ (বিয়াল্লিশ কোটি পনেরো লক্ষ) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি সহায়তার বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে ত বাস্তবায়ন পদ্ধতি ও শর্তাবলী উল্লেখপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/ খাত | মেশিন প্রতি আর্থিক সহায়তা (টাকা) | | |
|---|---|---|---|---|
| | | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা | একক মূল্য (টাকা) | একটি মেশিনের জন্য আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | এয়ার ফ্লো মেশিন | ১ | ২৮০০০ | ২৮০০০ |
| ২ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত | থোক | ১০০ | ১০০ |
| মোট | | | | ২৮,১০০ |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি):

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা (জন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) '৩৬৩১১৯৯, অন্যান্য অনুদান' | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | | | মেশিন বাবদ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | কুমিল্লা | ১০০ | ২৮.০০০ | ০.১০০ | ২৮.১০০ | ২৮.১০০ |
| ২ | পাবনা | ৩০০০ | ৮৪০.০০০ | ৩.০০০ | ৮৪৩.০০০ | ৮৪৩.০০০ |
| ৩ | ফরিদপুর | ২৫০০ | ৭০০.০০০ | ২.৫০০ | ৭০২.৫০০ | ৭০২.৫০০ |
| ৪ | রাজবাড়ী | ৪৫২০ | ১২৬৫.৬০০ | ৪.৫২০ | ১২৭০.১২০ | ১২৭০.১২০ |
| ৫ | রাজশাহী | ২০০০ | ৫৬০.০০০ | ২.০০০ | ৫৬২.০০০ | ৫৬২.০০০ |
| ৬ | কুষ্টিয়া | ৫০০ | ১৪০.০০০ | ০.৫০০ | ১৪০.৫০০ | ১৪০.৫০০ |
| ৭ | ঝিনাইদহ | ৪০০ | ১১২.০০০ | ০.৪০০ | ১১২.৪০০ | ১১২.৪০০ |
| ৮ | মাগুড়া | ৫০০ | ১৪০.০০০ | ০.৫০০ | ১৪০.৫০০ | ১৪০.৫০০ |
| ৯ | মানিকগঞ্জ | ১৫০ | ৪২.০০০ | ০.১৫০ | ৪২.১৫০ | ৪২.১৫০ |
| ১০ | নাটোর | ২০০ | ৫৬.০০০ | ০.২০০ | ৫৬.২০০ | ৫৬.২০০ |
| ১১ | নওগাঁ | ৮০ | ২২.৪০০ | ০.০৮০ | ২২.৪৮০ | ২২.৪৮০ |
| ১২ | মেহেরপুর | ৫০০ | ১৪০.০০০ | ০.৫০০ | ১৪০.৫০০ | ১৪০.৫০০ |
| ১৩ | চুয়াডাঙ্গা | ১০০ | ২৮.০০০ | ০.১০০ | ২৮.১০০ | ২৮.১০০ |
| ১৪ | চাঁপাই নবাবগঞ্জ | ৫০ | ১৪.০০০ | ০.০৫০ | ১৪.০৫০ | ১৪.০৫০ |
| ১৫ | মাদারীপুর | ৫০ | ১৪.০০০ | ০.০৫০ | ১৪.০৫০ | ১৪.০৫০ |
| ১৬ | শরীয়তপুর | ৫০ | ১৪.০০০ | ০.০৫০ | ১৪.০৫০ | ১৪.০৫০ |
| ১৭ | গোপালগঞ্জ | ৩০ | ৮.৪০০ | ০.০৩০ | ৮.৪৩০ | ৮.৪৩০ |
| ১৮ | ঠাকুরগাঁ | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ১৯ | পঞ্চগড় | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২০ | রংপুর | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২১ | বগুড়া | ৫০ | ১৪.০০০ | ০.০৫০ | ১৪.০৫০ | ১৪.০৫০ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা (জন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) '৩৬৩১১৯৯, অন্যান্য অনুদান' | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | | | মেশিন বাবদ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ২২ | কুড়িগ্রাম | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৩ | জামালপুর | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৪ | দিনাজপুর | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৫ | সিরাজগঞ্জ | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৬ | গাইবান্ধা | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৭ | জয়পুরহাট | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৮ | টাঙ্গাইল | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| ২৯ | যশোর | ২০ | ৫.৬০০ | ০.০২০ | ৫.৬২০ | ৫.৬২০ |
| মোট | | ১৫০০০.০০ | ৪২০০.০০ | ১৫.০০ | ৪২১৫.০০ | ৪২১৫.০০ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. **এ মন্ত্রণালয়ের ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৮.২১.৫৯ নং স্মারকে জারিকৃত জিও'র আওতায় ইতোপূর্বে প্রণোদনার উপকরণ/অর্থ প্রাপ্ত কৃষক এ জিও'র আওতা বহির্ভূত থাকবেন অর্থাৎ এ জিও'র আওতায় উপকরণ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না। বিষয়টি জেলা ও উপজেলা পুনর্বাসন কমিটি এবং ডিএই কর্তৃক নিশ্চিত করতে হবে;**

২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভা করে পেঁয়াজের সংরক্ষণের উপযুক্ততা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করতে হবে এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন করে কৃষকদের খসড়া অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। এ ক্ষেত্রে পেঁয়াজ সংরক্ষণে আগ্রহী এবং ঘরের ৪ টি দেয়াল ও মাচা তৈরির সক্ষমতা রয়েছে এমন কৃষক নির্বাচন করতে হবে। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন।

৪. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবর (E-mail- ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৫. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবে। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা স্বাক্ষর এবং উপজেলা কৃষি অফিসার প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৬. পরিবহন খাতের অর্থ জেলা সদর হতে উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজনপূর্বক উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

৭. এয়ার ফ্লো মেশিনের নিম্নে উল্লেখিত বৈশিষ্ট্য (Specification) থাকতে হবে-
ক) উচ্চতাঃ ১৮৩০ মি. মি. (৭২ ইঞ্চি); খ) ডায়ামিটারঃ ৪০০ মি. মি. (১৬ ইঞ্চি); গ) স্টীল সীটঃ ২০ গ্যাজ; ঘ) হেড সাইজঃ ৪৮০ মি. মি. (১৯ ইঞ্চি); ঙ) ফ্যানঃ চায়না, স্পিড ২৬০০-২৮০০ আরপিএম, ২২০ ভোল্ট, ৩০০-৩৫০ ওয়াট, ফ্যানবক্স ১৬ ইঞ্চি ডায়ামিটার; ব্লেড ১৪ ইঞ্চি (ন্যূনতম) সংখ্যা (৪-৫টি), এয়ার ফ্লো ৯-১১ মিটার/সেকেন্ড চ) টাইমার (অটোমেটিক) সুইচ এবং অন্যান্য আনুসাঙ্গিক সামগ্রী মানসম্পন্ন হতে হবে; ছ) **সংরক্ষণ ক্ষমতা নূন্যতম ১২ মেট্রিক টন;**

৮. অর্থ ব্যয় প্রণোদনা কর্মসূচিতে এয়ার ফ্লো মেশিন স্থাপন খাতে বরাদ্দকৃত সমুদয় পরিমাণ অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক মাস্টাররোল অনুসরণ করে উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদান করতে হবে। তালিকাভুক্ত উপকারভোগী কৃষক নিজস্ব অর্থায়নে ০৪ (চারটি) দেয়াল (দৈর্ঘ ১০ ফুট, প্রস্থ ১০ ফুট, উচ্চতা ৬ ফুট) ও মাচা তৈরী সম্পন্ন করেছে নিশ্চিত হওয়ার পর সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক এয়ার ফ্লো মেশিন স্থাপনের লক্ষ্যে চুক্তি সম্পাদনপূর্বক মেশিনটি স্থাপন করতে হবে। অতঃপর উপজেলা কৃষি অফিসার পেঁয়াজ সংরক্ষণাগারে

এয়ার ফ্লো মেশিন স্থাপন নিশ্চিত হওয়ার পর উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদেয় চেকের মাধ্যমে প্রণোদনার ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। কৃষক সরবরাহকারী প্রতিষ্ঠানকে মেশিনের (স্থাপন, ০৩ বছরের রিপ্লেসমেন্ট গ্যারান্টি ও ১০ বছরের ফ্রি সার্ভিস ওয়ারেন্টিসহ) মূল্য বাবদ অনধিক ২১,০০০/- (একুশ হাজার) টাকা পরিশোধ করবেন। অবশিষ্ট ৭,০০০/- (সাত হাজার) টাকা কৃষক কর্তৃক সংরক্ষণাগারের দেয়াল ও মাচা তৈরি এবং অন্যান্য খাতের ব্যয়ের (আংশিক) সমন্বয় বাবদ কৃষকের নিকট থাকবে;

৯. চুক্তি সম্পাদনঃ প্রণোদনার আওতাভুক্ত কৃষক এবং মেশিন সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে সরকার নির্দেশিত কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি ও এ সংক্রান্ত শর্তাবলি উল্লেখ পূর্বক ০২ (দুই) পক্ষের স্বাক্ষরযুক্ত ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিনামা স্বাক্ষরিত হবে। ০৩ (তিন) জন স্বাক্ষীর স্বাক্ষরসহ এই চুক্তিনামায় সংশ্লিষ্ট উপহকারী কৃষি কর্মকর্তা সনাক্তকারী হিসেবে এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষরকারী হিসেবে স্বাক্ষর করবেন। চুক্তিনামায় রিপ্লেসমেন্ট ও মেরামত কার্যক্রম কৃষক কর্তৃক অবহিত হবার ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সম্পন্ন করতে উৎপাদনকারী প্রতিষ্ঠান বাধ্য থাকবেন মর্মে উল্লেখ থাকতে হবে। চুক্তিনামার মূল কপি সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে এবং ফটোকপি সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ও কৃষকের নিকট সংরক্ষিত থাকবে;

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ২৯ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১১. কর্মসূচির এয়ার ফ্লো মেশিন স্থাপন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইল যোগে** admonitoring@dae.gov.bd/ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইল যোগে** (ddmonitoring@yahoo.com) প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২৯ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

১৩. **আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

১৪. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**

১৫. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত এয়ার ফ্লো মেশিন স্থাপন এর বিবরণ | পেঁয়াজ সংরক্ষণ পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

০২/১০/২৫
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৯জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৮৪

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৯ জুন ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৮. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৯ জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯/০৬/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব